রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৫ সনের ১১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১২, ২০১৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৮৫—২০৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৫৭—৩৯৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৯—৪৩ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪১১—৪৪৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রতিষ্ঠান ব্যবস্থাপনা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৫

**নং ৫৩.০০.০০০০.৩১২.১২.০০১.১৫-০৯**—রাষ্ট্র মালিকানাধীন বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী বাছাইপূর্বক সুপারিশ প্রদানের নিমিত্ত ১৯-০৩-২০১৩ তারিখের ৯১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হল :—

**চেয়ারম্যান**

(১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক

**সদস্যবৃন্দ**

(২) সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

(৩) ড. জায়েদ বখত, চেয়ারম্যান অগ্রণী ব্যাংক লিমিটেড

**সদস্য-সচিব**

(৪) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (ব্যাংক প্রশাসন), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

২। কমিটির কার্য-পরিধি (Terms of Reference) নিম্নরূপ হবে :

(ক) কমিটি মহাব্যবস্থাপক পদে পদোন্নতির সুপারিশ প্রদানের নিমিত্ত উপযুক্ত প্রার্থী বাছাইয়ের জন্য সরকার কর্তৃক প্রণীত নিয়োগ পদ্ধতি ও নিয়োগের শর্তাবলী এবং এতদুদ্দেশ্যে প্রণীত প্রার্থী বাছাইয়ের নীতিমালা (Criteria) অনুসরণক্রমে যোগ্য ও আগ্রহী উপ-মহাব্যবস্থাপকদের সাক্ষাতকার গ্রহণ করবে; এবং

(খ) উপ-অনুচ্ছেদ-২ (ক) অনুযায়ী গৃহীত সাক্ষাতকারে প্রাপ্ত নম্বর এবং শিক্ষাগত যোগ্যতা, পেশাগত দক্ষতা ও গোপনীয় অনুবেদন ইত্যাদি বিবেচনায় একটি মেধাতালিকা প্রস্তুত করে মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য সরকারের নিকট সুপারিশ পেশ করবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ৫৩.০০.০০০০.২১২.১১.০০৩.১৫-১০**—গ্রামীণ ব্যাংক আইন ২০১৩ (২০১৩ সনের ৫৬ নং আইন) এর বিধান মোতাবেক জনাব শাহ আলম সারোয়ার, ব্যবস্থাপনা পরিচালক, আইএফআইসি ব্যাংক-কে পূর্ব নিয়োগের ধারাবাহিকতায় আরও ৩ (তিন) বছরের জন্য গ্রামীণ ব্যাংক পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ করা হল। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এ নিয়োগ ৩০-০৭-২০১৭ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মতিয়ার রহমান**
উপসচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**সঞ্চয় অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ পৌষ ১৪২১/৭ জানুয়ারি ২০১৫

**নং ০৮.০০.০০০০.০৪১.২৩.০১৮.০৩(অংশ)-১০**—বিদেশী নাগরিকত্ব গ্রহণকারি অনিবাসী বাংলাদেশীগণ কর্তৃক উপার্জিত বৈদেশিক মুদ্রা স্বদেশে বিনিয়োগ করায় The U.S. Dollar Investment Bond Rules, 2002 এর Rule-14 এবং The U.S. Dollar Premium Bond Rules, 2002 এর Rule-14(4) এর বিধান অনুযায়ী নিম্নবর্ণিত ৪ জন বিনিয়োগকারিকে ২০১৫ সালের জন্য বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) হিসেবে নির্বাচন করা হ'ল :

| ক্রমিক নং | বিনিয়োগকারির নাম | স্থায়ী ঠিকানা | বৈদেশিক ঠিকানা |
|---|---|---|---|
| (১) | জনাব আরিফ আহমেদ চৌধুরী | হাউজ নম্বর ১০/এ, রোড নম্বর-৭৯, গুলশান, ঢাকা। | ২৫১০ ভার্জিনিয়া এ্যাভিনিউ, এপার্টমেন্ট নম্বর ৫০৭ এন, ওয়াশিংটন ডিসি-২০০৩৭, ইউএসএ। |
| (২) | বেগম সায়েরা চৌধুরী | হাউজ নম্বর ১০/এ, রোড নম্বর-৭৯, গুলশান, ঢাকা। | ২৫১০ ভার্জিনিয়া এ্যাভিনিউ, এপার্টমেন্ট নম্বর ৫০৭ এন, ওয়াশিংটন ডিসি-২০০৩৭, ইউএসএ। |
| (৩) | জনাব আসিফ আহমেদ চৌধুরী | হাউজ নম্বর ১০/এ, রোড নম্বর-৭৯, গুলশান, ঢাকা। | ২৫১০ ভার্জিনিয়া এ্যাভিনিউ, এপার্টমেন্ট নম্বর ৫০৭ এন, ওয়াশিংটন ডিসি-২০০৩৭, ইউএসএ। |
| (৪) | জনাব মীর রাসেল সুজন | গ্রাম-চিথনিয়া, ডাকঘর-পোড়াদাহ্, থানা-মিরপুর, কুষ্টিয়া। | পোস্ট বক্স নম্বর ৯৪৩৫৯, রিয়াদ, ১১৬৯৩, সৌদিআরব। |

২। উল্লিখিত বিনিয়োগকারিগণ The U.S. Dollar Investment Bond Rules, 2002 এর Rule-14 এবং The U.S. Dollar Premium Bond Rules, 2002 এর Rule-14(4) এ বর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে সিআইপি সুবিধা ভোগ করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বিকাশ চন্দ্র সিকদার**
উপসচিব।

---

**শাখা-৩ (শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ পৌষ ১৪২১/২২ ডিসেম্বর ২০১৪

**নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৪৮.১৩-৭৩৮**—অত্র বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর রাজস্ব কর্মকর্তা (অবঃ) জনাব আ.স.ম সহসিন এর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডে ০৫-৫-২০১৪ তারিখের ১(২০)শুঃভঃপ্রঃ-১/২০১৩/৪৮৬ নম্বর আদেশের মাধ্যমে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৬ এর ৩(বি) উপবিধি অনুযায়ী ৩টি বার্ষিক বেতন বৃদ্ধি ৩(তিন) বছরের জন্য স্থগিত রাখার আদেশটি মহামান্য হাইকোর্ট Writ Petition No. 6970 of 2013 এর রায়ের প্রেক্ষিতে বাতিল করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল জব্বার**
সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ, ১৭ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-৪৪/২০১৪-৬১৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব বিমল চন্দ্র মোহন্ত, পিতা-নারায়ন চন্দ্র মোহন্ত, মাতা-শান্তি বালা দাস্যা, গ্রাম-আড়ানী দক্ষিণ পাড়া, ডাকঘর-আড়ানী পৌরসভা, উপজেলা-বাঘা, জেলা-রাজশাহী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার বাঘা উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ২১ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-৫৬/২০১৩-৬২৮**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মনিকা রানী হাওলাদার, পিতা-সূর্যকান্ত হাওলাদার, মাতা-বিন্দুবাসী হাওলাদার, মহল্লা-উত্তর মিঠাখালী, বাসা-৪৬, ওয়ার্ড-১, মঠবাড়ীয়া পৌরসভা, ডাকঘর+উপজেলা-মঠবাড়ীয়া, জেলা-পিরোজপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৪

**নং বিচার-৭/২এন-৩/২০১০-৬৩৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ অছিকুর রহমান, পিতা-মৃত রুস্তু মিয়া, মাতা-আরজান বেগম, গ্রাম-কুলিয়া, ডাকঘর-কুলিয়া বড়ঘাট, উপজেলা-মোল্লাহাট, জেলা-বাগেরহাট) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলার ৪নং কুলিয়া ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ৭ জানুয়ারি ২০১৫

**নং বিচার-৭/২এন-১৩/২০০৫(অংশ)-১২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মৃত কাজী আহম্মদ আলী, মাতা-নুর নাহার, গ্রাম-ভলাকুট, ডাকঘর-ভলাকুট, উপজেলা-নাসিরনগর, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়ীয়া জেলার নাসিরনগর উপজেলার ২নং ভলাকুট ইউনিয়ন এলাকার জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১২ জানুয়ারি ২০১৫

**নং বিচার-৭/২এন-১/২০০০-১৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মাসুম বিল্লাহ, পিতা-মোঃ গোলাম মোস্তফা, মাতা-মোছাঃ ফিরোজা খাতুন, গ্রাম-চটকাপোতা, ডাকঘর-শার্শা, উপজেলা-শার্শা, জেলা-যশোর) এই আইন ও উহার অধীন প্রণীত

বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যশোর জেলার শার্শা উপজেলার ১০নং শার্শা ইউনিয়নের অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-২৬/২০০৪(অংশ-১)-১৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ জালাল উদ্দিন, পিতা-মোঃ আব্দুল খালিক, মাতা-আছিয়া বেগম, গ্রাম-বালিকান্দি, ডাকঘর-গোবিন্দ বাজার, উপজেলা-জগন্নাথপুর, জেলা-সুনামগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার ১নং কলকলিয়া ইউনিয়ন এলাকার জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থিতাবস্থা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৫

**নং বিচার-৭/২এন-৫৯/২০১৩-১৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মিঠুন কুমার নাথ, পিতা-সুভাষ চন্দ্র নাথ, মাতা-গীতা রানী দেবী, গ্রাম-আমিরাবাদ, ডাকঘর ও উপজেলা-সীতাকুন্ড, জেলা-চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৫৯/২০১৩-২০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব শ্রীকান্ত দত্ত, পিতা-মধুসূদন দত্ত, মাতা-সন্ধা রানী দত্ত, ঠিকানা-০৮ নং ঈশ্বর নন্দী লেইন, দেওয়ান বাজার, জেলা-চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার ১১, ১৭, ১৮, ১৯ ও ২০ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৫৯/২০১৩-২১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব দেবাশীষ মল্লিক, পিতা-মৃত রমেশ চন্দ্র মল্লিক, মাতা-দুলু রাণী মল্লিক, গ্রাম-মধ্যম তালবাড়ীয়া, ডাকঘর ও উপজেলা-মিরশ্বরাই, জেলা-চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার মিরশ্বরাই উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-২০/২০১৩-২২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব প্রদীপ কুমার চক্রবর্তী, পিতা-প্রফুল্ল কুমার চক্রবর্তী, মাতা-সাধনা চক্রবর্তী, গ্রাম-বড় চলুন্ডা, ডাকঘর-হাজত খোলা, উপজেলা-কুমিল্লা সদর দক্ষিণ, জেলা-কুমিল্লা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার বাগমারা উত্তর, বাগমারা দক্ষিণ, পেরুর উত্তর, পেরুর দক্ষিণ, বেলঘর উত্তর, বেলঘর দক্ষিণ, ভূলুইন উত্তর ও ভূলুইন দক্ষিণ ইউনিয়নসমূহের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১৯ জানুয়ারি ২০১৫

**নং বিচার-৭/২এন-২২/২০১৩-৩৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সুরেন্দ্র নাথ হালদার, পিতা-মৃত হরেন্দ্র নাথ হালদার, গ্রাম-গোপিনাথপুর উত্তর পাড়া, ডাকঘর-উজানপাড়া, উপজেলা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**
**আইন ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ পৌষ, ১৪২১/৫ জানুয়ারি ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৮.২৭.০০১.১২-৬**—যেহেতু, বেগম আসমা ইসলাম, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়ীয়া-এর বিরুদ্ধে ২৭-৬-২০১১ তারিখ থেকে ৬-৭-২০১১ তারিখ পর্যন্ত ১০ দিনের নৈমিত্তিক ছুটির আবেদন দাখিল করে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৩(সি) বিধিমতে ডিজারশনের অভিযোগে বিভাগীয় মামলা নং ১/১২ রুজু করতঃ তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৫.০০.০০০০. ০২৮.২৭.০০১.১২.৩৩, তারিখ ২৯-১-২০১২ মূলে অভিযোগনামা, অভিযোগ বিবরণী তাঁর অফিস ও বর্তমান ঠিকানায় রেজিঃ এডি যোগে প্রেরণ করা হয়;

যেহেতু, অফিসের ঠিকানায় প্রেরিত পত্রটি "প্রাপক ১০ দিনের ছুটি নিয়ে অনেক দিন যাবত অফিসে আসে নাই অফিস কর্তৃপক্ষ বলায় বিলি করা সম্ভব হল না" মন্তব্য সহকারে ডাক বিভাগ থেকে ফেরত আসে। বর্তমান ঠিকানায় প্রেরিত পত্রটি ডাক বিভাগ থেকে ফেরত পাওয়া যায়নি।

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৩) বিধি মোতাবেক তথ্য মন্ত্রণালয়ের ২৬-১২-২০১২ তারিখের অফিস আদেশ নং ১৫.০০.০০০০.০২৮.২৭.০০১.১২. ৩২০ মূলে এ মন্ত্রণালয়ের উপ-সচিব (বাজেট) জনাব জি, এন, নজমুল হোসেন খানকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি মামলার তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক ৭(সাত) কার্য দিবসের মধ্যে কারণ দর্শাতে ২য় কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয় যা ২৬-৪-২০১৩ ও ১০-৫-২০১৩ তারিখে 'দি ইনডিপেনডেন্ট' এবং 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত হয়। ৭ (সাত) কার্য দিবসের বেশি সময় অতিবাহিত হলেও জবাব না পাওয়ায় তাকে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৭-৬-২০১১ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) শাস্তি (গুরুদণ্ড) প্রদানের লক্ষ্যে একই বিধিমালার ৭(৭) বিধিমতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর ৩-৯-২০১৪ তারিখের নং ৮০.১০২.৪২.০০.০০.০২.২০১৪-১৮১ সংখ্যক স্মারকমূলে তথ্য মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে কমিশন একমত পোষণ করে;

সেহেতু, বেগম আসমা ইসলাম, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ব্রাহ্মণবাড়ীয়া-কে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) বিধি অনুযায়ী বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের (Desertion) অভিযোগে দোষী সাব্যস্থ করে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৭-৬-২০১১ তারিখ থেকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধিমতে তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) দণ্ড প্রদান করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ পৌষ ১৪২১/১৮ ডিসেম্বর ২০১৪

**নং ১৫.০০.০০০০.০২৪.২২.০০২.১৪-৯৭২**—গত ৬ আগস্ট ২০১৪ তারিখ তথ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত 'জাতীয় সম্প্রচার নীতিমালা-২০১৪' এর আলোকে সম্প্রচার কমিশনের কাঠামো ও কার্যাবলীসহ একটি আইনের খসড়া এবং সম্প্রচার আইনের খসড়া প্রণয়নের জন্য অংশীজনদের সমন্বয়ে নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) ড. গোলাম রহমান, চেয়ারম্যান, গণযোগাযোগ ও জার্নালিজম বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্টস (বিএফইউজে), জাতীয় প্রেসক্লাব, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩) ঢাকা ইউনিয়ন অব জার্নালিস্টস (ডিইউজে), জাতীয় প্রেসক্লাব, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৪) Association of TV Channel Owners (ATCO)-এর উপযুক্ত প্রতিনিধি।

(৫) জনাব ইকবাল সোবহান চৌধুরী, মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

(৬) জনাব সাহাব ইনাম খান, চেয়ারম্যান, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

(৭) ড. শফিউল আলম ভূইয়া, চেয়ারম্যান, টেলিভিশন ও চলচ্চিত্র স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৮) জনাব গোলাম সারওয়ার, সম্পাদক, দৈনিক সমকাল, ১৩৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

(৯) বেগম তাহমিনা রহমান, Article-19, ৩০২, শ্যামলী (৩য় তলা), মিরপুর রোড, ঢাকা-১২০৭।

(১০) জনাব আহমেদ জোবায়ের, ব্যবস্থাপনা পরিচালক, সময় মিডিয়া লিমিটেড, সময় টেলিভিশন, নাসির ট্রেড সেন্টার, ৩০০/৪, বীর উত্তম সি,আর,দত্ত রোড, ঢাকা।

(১১) জনাব ফরিদুর রেজা সাগর, ব্যবস্থাপনা পরিচালক, চ্যানেল আই, ৪০, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, আই/এ, ঢাকা।

(১২) জনাব মোস্তফা জব্বার, কম্পিউটার ও অনলাইন বিশেষজ্ঞ, আনন্দ কম্পিউটারস্, ১৮৮, আরামবাগ, ঢাকা।

(১৩) সম্মিলিত সাংস্কৃতিক জোট রোজ ইউ প্লাজা, কক্ষ নং ৫০৪, ১৮৫, ড. কুদরত-ই খুদা সড়ক, হাতিরপুল, ঢাকা-১২০৫-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(১৪) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

(১৫) মহাপরিচালক, বাংলাদেশ বেতার শাহবাগ, ঢাকা।

(১৬) প্রাইভেট রেডিও ওনার্স এসোসিয়েশন অব, বাংলাদেশ (PROAB) প্লানার্স টাওয়ার, লেভেল-১৩, স্যুট ৪-৫, বিপণন বা/এ, সোনারগাঁও রোড, ঢাকা ১০০০-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(১৭) এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল সি/এ, ঢাকা ১০০০-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(১৮) মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (পিআইবি), ৩, সার্কিট হাউজ রোড, ঢাকা।

(১৯) জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেশা প্লাজা (১২তম তলা), ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা ১২১৭-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(২০) তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা), এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(২১) ব্যারিস্টার তানজিবুল আলম, বিশিষ্ট আইনজীবী, তানজিবুল আলম এন্ড এসোসিয়েটস, বিএসইসি ভবন লেভেল-১১), ১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।

(২২) এডভারটাইজিং এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (এএএবি), Adcomm Ltd. 110, Love Road, Tejgaon Industrial Area, Dhaka-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(২৩) টেলিভিশন অনুষ্ঠান প্রযোজক সমিতি, বাড়ী নং-৬৪, রোড নং-৩, ব্লক-বি, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(২৪) টেলিভিশন নাট্যশিল্পী ও নাট্যকার সংসদ (টেনাশিনাস), ফ্লাট-৫বি, বাড়ী নং-৪০১, নিউ ইস্কাটন রোড, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(২৫) বাংলাদেশ অনলাইন মিডিয়া এসোসিয়েশন (বোমা), ৬৫, ময়মনসিংহ লেন (বিপণন প্লট-২২), ৭ম ও ৮ম তলা, বাংলা মটর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(২৬) বাংলাদেশ এনজিও নেটওয়ার্ক ফর রেডিও এন্ড কমিউনিকেশন (বিএনএনআরসি), হাউজ নং-১৩/৩, রোড নং-২, শ্যামলী, ঢাকা-১২০৭-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(২৭) নিউজ পেপার্স ওনার্স এসোসিয়েশনস অব বাংলাদেশ (নোয়াব) প্রযত্নে-দৈনিক প্রথম আলো, সি এ ভবন, ১০০, কাওরান বাজার ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(২৮) অধ্যাপিকা মাহফুজা খানম, সভাপতি, পেশাজীবী নারী সমাজ, ৮২/১, ইন্দিরা রোড, ঢাকা-১২১৫।

(২৯) মিজ নাসিম আরা হক মিনু, সভাপতি, নারী সাংবাদিক কেন্দ্র, ঢাকা।

(৩০) জনাব রহমান মোস্তাফিজ, উপদেষ্টা, দর্শক ফোরাম, বাড়ী#৮, রোড#৪. সেকশন#৭, পল্লবী, ঢাকা-১২১৬।

(৩১) আইন কমিশন, আইন কশিমনের কার্যালয়, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন, ১৫ কলেজ রোড ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩২) লেজিসলেটিভ ও সংসদ বিষয় বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩৩) অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩৪) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩৬) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩৭) তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৩৮) যুগ্ম-সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। **কার্যপরিধি ঃ**

(ক) আগামী ৬০ দিনের মধ্যে সম্প্রচার কমিশনের কাঠামো ও কার্যাবলীসহ একটি খসড়া আইনের রূপরেখা প্রণয়নপূর্বক পেশ করবে।

(খ) আগামী ৯০ দিনের মধ্যে সম্প্রচার আইনের খসড়া প্রণয়নপূর্বক পেশ করবে।

৩। তথ্য মন্ত্রণালয় উক্ত কমিটিকে লজিস্টিক সহায়তা প্রদান করবে।

৪। কমিটি প্রয়োজন বোধ করলে অতিরিক্ত সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আখতারুজ্জামান তালুকদার**
সিনিয়র সহকারী সচিব।

**প্রেস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ পৌষ ১৪২১/১২ জানুয়ারি ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২০.০৬.০০৩.১৪.১৫**—বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪ এর ৬ ধারা অনুযায়ী উক্ত আইনের ৭ ধারায় বর্ণিত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ট্রাস্টি বোর্ড গঠন করা হইল ঃ

**চেয়ারম্যান**

(১) তথ্য মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী

**ভাই চেয়ারম্যান**

(২) সচিব, তথ্য মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৩) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা।

(৪) প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক মনোনীত মহাপরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৫) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা।

(৬) মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা।

(৭) যুগ্ম-সচিব (প্রেস), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

(৮) জনাব মনজুরুল আহসান বুলবুল, সভাপতি, বিএফইউজে, ঢাকা।

(৯) জনাব আবদুল জলিল ভূইয়া, মহাসচিব, বিএফইউজে, ঢাকা।

(১০) জনাব আলতাফ মাহমুদ, সভাপতি, ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে)।

(১১) জনাব মোঃ কাশেম হুমায়ুন, ব্যবস্থাপনা সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা।

(১২) বেগম নাসিমুন আরা হক মিনু, সভাপতি, নারী সাংবাদিক কেন্দ্র, ঢাকা।

**সদস্য-সচিব**

(১৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট।

২। উক্ত ট্রাস্টি বোর্ড বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪ এর বিধান মতে বর্ণিত ট্রাস্টের কার্যাবলী সম্পাদন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহেদুল হক**
সহকারী সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৭ পৌষ ১৪২১/২১ ডিসেম্বর ২০১৪

**নং ২৫.০১৮.০০৫.০২.০০.০২১.২০১২-৩৭৩**—বেগম ফারহানা বেগম, সহকারী প্রকৌশলী হিসেবে গত ০২-০৭-২০০৫ তারিখে গণপূর্ত অধিদপ্তরে যোগদান করেন। বেগম ফারহানা বেগমকে University of Alberta. Canada তে Master of Civil Engineering কোর্সে অধ্যয়নের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে ২৪-০৮-২০০৯ তারিখ হতে ২ বৎসর ২০ (বিশ) দিনের জন্য শিক্ষাছুটি মঞ্জুর করা হয়। বিগত ১০-০৮-২০১১ তারিখে বেগম ফারহানা বেগম আরো ৪ বছরের জন্য শিক্ষা ছুটি বর্ধিত করণের জন্য আবেদন করেন। ছুটি বর্ধিত করার আবেদন না-মঞ্জুর করে ছুটি শেষ হওয়ার পর তাঁকে স্বপদে যোগদানের নির্দেশ দেয়া হয়। তা সত্ত্বেও তিনি ছুটি শেষে কর্মস্থলে যোগদান করেননি। তাঁর এহেন আচরণ কর্মকর্তা সুলভ নয় এবং সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থী । তাঁর এরূপ কার্যকলাপের জন্য তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) ও বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ' (Desertion) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। তাঁকে চাকুরী থেকে কেন অপসারণ করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর এবং আত্মপক্ষ সমর্থনের শুনানী চান কি না তাও জানানোর জন্য ৭-১০-১৩ তারিখে নির্দেশ দেয়া হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিঃ ডাক যোগে প্রেরণ করা হয়। অভিযুক্ত

কর্মকর্তা ব্যক্তিগত বা ডাকযোগে কোনভাবেই জবাব দাখিল করেননি। অতঃপর বিভাগীয় মামলার ধারাবাহিকতায় বেগম সায়লা ফারজানা, উপ-সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা ১৩-১-১৪ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থল ত্যাগের অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়। সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। যা ডাক বিভাগ হতে জারী না হয়ে ফেরত আসে। বেগম ফারহানা বেগম দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল না করায় এবং অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে "অপসারণ" (Removal from Service) করার গুরুদণ্ড প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। একই বিধিমালার ৪(৩)(সি) মোতাবেক "চাকুরি হতে অপসারণ" (Removal from Service) করার বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশন (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯ এর ৬ প্রবিধান মোতাবেক গত ৬-৯-১৪ তারিখে কমিশনের মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্মকমিশন "চাকুরি হতে অপসারণ" দণ্ড আরোপের কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, বেগম ফারহানা বেগম, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক "চাকুরি হতে অপসারণ" (Removal from Service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, বেগম ফারহানা বেগম, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) উপ-বিধি মোতাবেক "অসদাচরণ" (Misconduct) ও "বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ" (Descrition) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি অনুযায়ী তাকে অনুনুমোদিত অনুপস্থিতির তারিখ ১৩-৯-২০১১ হতে সরকারি "চাকুরি হতে অপসারণ" (Removal from Service) করার গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৭ মাঘ ১৪২১/২০ জানুয়ারি ২০১৫

**নং ২৫.০১৮.০০৫.০২.০০.০২০.২০১৩-২৬**—জনাব আবু আহম্মদ সামসুদ্দিন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ১৯-৫-২০০৪ তারিখে চাকুরিতে যোগদান করেন। জনাব আবু আহম্মদ সামসুদ্দিন গত ২৫-৩-২০১০ হতে ১৯-২-২০১৩ তারিখ পর্যন্ত সিলেট গণপূর্ত উপ-বিভাগ-১ এ উপ-সহকারি প্রকৌশলী (সিভিল) পদে কর্মরত ছিলেন। তিনি ২০-২-২০১৩ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। সে প্রেক্ষিতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে তাঁকে ৭ (সাত) কর্মদিবসের মধ্যে কর্মস্থলে যোগদানপূর্বক অনুপস্থিতির কারণ ব্যাখ্যার জন্য ৯-৪-২০১৩ তারিখে গণপূর্ত অধিদপ্তর থেকে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু তিনি নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান করেননি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট জবাব প্রদান করেননি;

যেহেতু, জনাব আবু আহম্মদ সামসুদ্দিন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) কর্তৃপক্ষের বিনানুমতিতে ২০-২-২০১৩ তারিখ থেকে অদ্যাবদি সরকারি কাজে অনুনমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। তাঁর এহেন আচরণ কর্মকর্তা সুলভ নয় এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থী। তাঁর এরূপ কার্যকলাপের জন্য তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। তাঁকে চাকুরী থেকে কেন বরখাস্ত করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর এবং আত্মপক্ষ সমর্থনের শুনানি চান কি না তাও জানানোর জন্য ৪-১১-২০১৩ তারিখে নির্দেশ দেয়া হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিঃ ডাক যোগে প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত বা ডাকযোগে কোনভাবেই জবাব দাখিল করেননি। অতঃপর বিভাগীয় মামলার ধারাবাহিকতায় সৈয়দা নুরুন নাহার, উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়'কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৬-১২-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক "চাকুরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করার গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে কেন তাঁর বিরুদ্ধে উক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না সে মর্মে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৭(৬) বিধি মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দেয়ার জন্য গত ৯-৬-২০১৪ তারিখে তাঁর স্থায়ী ঠিকানায় রেজিঃ ডাক যোগে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, জনাব আবু আহম্মদ সামসুদ্দিন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ব্যক্তিগত বা ডাকযোগে কোনভাবেই নির্দিষ্ট সময়ের মধ্যে দ্বিতীয় কারণ দর্শনো নোটিশ এর জবাব দাখিল করেননি। তৎপ্রেক্ষিতে তাঁকে "চাকুরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করার প্রাথমিক সিদ্ধান্ত অপরিবর্তিত রাখা হয় এবং উল্লিখিত গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯-এর ৬ প্রবিধান মোতাবেক গত ৬-৮-২০১৪ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্মকমিশন জনাব আবু আহম্মদ সামসুদ্দিনকে "চাকুরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করার গুরুদণ্ড আরোপের প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, জনাব আবু আহম্মদ সামসুদ্দিন, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), সিলেট গণপূর্ত উপ বিভাগ-১, সিলেট-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক "চাকুরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব আবু আহম্মদ সামসুদ্দিন, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), সিলেট গণপূর্ত উপ বিভাগ-১, সিলেট-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" (Misconduct) ও "বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ" (Desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী তাঁকে অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২০-২-২০১৩ হতে সরকারি "চাকুরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করার গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ পৌষ ১৪২১/১২ জানুয়ারি ২০১৫

**নং প্রম/শৃঙ্খলা/২০১৩/ডি-৬(অংশ)/১২**—যেহেতু, জনাব আ স ম আমির হোসাইন, সহকারি নেভাল স্টোর অফিসার (এএনএসও) (পি নং-০২৪৩) নৌ ভান্ডার চট্টগ্রামে কর্মরত থাকাকালীন মিথ্যা তথ্য প্রদানপূর্বক অবৈধভাবে রেশন উত্তোলন করেছেন;

যেহেতু, ফ্লীট অর্ডার (এফও)৪/৯৬ অনুসারে সন্তানদের নির্দিষ্ট বয়স পর্যন্ত রেশন উত্তোলনের নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি উক্ত নির্দেশনা অমান্য করে সন্তানদের বয়সের বিষয়ে মিথ্যা তথ্য প্রদানপূর্বক অবৈধভাবে রেশন উত্তোলন করে ব্যক্তিগতভাবে লাভবান হয়েছেন;

যেহেতু, অভিযুক্ত তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনাননি চান কিনা, তা লিখিতভাবে জানাতে নির্দেশ প্রদান করা হয়। তিনি জানান যে, তার এ অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি আন্তরিকভাবে দুঃখিত, লজ্জিত, অনুতপ্ত, মর্মাহত ও ক্ষমাপ্রার্থী এবং তিনি এ বিষয়ে ব্যক্তিগত শুনানি চান না;

যেহেতু, তিনি নৌ ভান্ডার চট্টগ্রামে কর্মরত থাকাকালীন মিথ্যা তথ্য প্রদানপূর্বক অবৈধভাবে রেশন উত্তোলন করেছেন। অতিরিক্ত উত্তোলনের কারণে সরকারের টাকা ১,৮৯,১০৮.০৭ (এক লক্ষ উননব্বই হাজার একশত আট এবং সাত পয়সা মাত্র) ক্ষতিসাধিত হয়;

যেহেতু, তিনি তার সন্তানদের বয়স কমিয়ে মিথ্যা তথ্য প্রদানপূর্বক অবৈধভাবে রেশন উত্তোলন করে সরকারের টাকা ১,৮৯,১০৮.০৭ (এক লক্ষ উননব্বই হাজার একশত আট এবং সাত পয়সা মাত্র) ক্ষতিসাধন করেছেন এবং তার দাখিলকৃত জবাবও সন্তোষজনক নয়;

সেহেতু, সহকারি নেভাল স্টোর অফিসার জনাব আ স ম আমির হোসাইন, (এএনএসও)(পি নং-০২৪৩)-কে 'সিভিলিয়ান এমপ্লয়ীজ ইন ডিফেন্স সার্ভিসেস (ক্লাসিফিকেশন, কন্ট্রোল অ্যান্ড আপীল) রুলস্, ১৯৬১'-এর ধারা ৭(২) অনুচ্ছেদ অনুযায়ী দোষী সাব্যস্ত করে একই রুলের ৮(১)(সি) অনুযায়ী অতিরিক্ত রেশন উত্তোলন বাবদ মোট টাকা ১,৮৯,১০৮.০৭ (এক লক্ষ উননব্বই হাজার একশত আট এবং সাত পয়সা মাত্র) তার নিকট থেকে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী হাবিবুল আউয়াল**
সিনিয়র সচিব।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ জানুয়ারি ২০১৫

**নং ৪৯.০১৪.০১৪.০০.১১.০৪৯.২০১৩-২৬**—নির্দেশক্রমে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ১০টি জেলায় ১০টি ( গোলাপগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, নড়াইল, ঝালকাঠি, নীলফামারী, চুয়াডাঙ্গা, ভোলা, শেরপুর, কুড়িগ্রাম ও রাজবাড়ী) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিটির জন্য ৪৩টি করে মোট ৪৩০টি (চারশত ত্রিশ) পদ রাজস্ব বাজেটে অস্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলোঃ

| ক্রমিক নং | পদের নাম | সুপারিশকৃত পদের সংখ্যা (১০টি টিটিসি'র জন্য) | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | অধ্যক্ষ | ১০টি | |
| (২) | উপাধ্যক্ষ | ১০টি | |
| (৩) | চীফ ইন্সট্রাক্টর | ৩০টি | |
| (৪) | ইন্সট্রাক্টর (ডিপ্লোমা) | ৬০টি | |
| (৫) | ইন্সট্রাক্টর (নন-ডিপ্লোমা) | ৩০টি | |
| (৬) | ইন্সট্রাক্টর (বিষয়-ভিত্তিক) | ৪০টি | |
| (৭) | লাইব্রেরীয়ান | ১০টি | |
| (৮) | কম্পিউটার অপারেটর | ২০টি | |
| (৯) | প্রধান সহকারী | ১০টি | |
| (১০) | হিসাব রক্ষক | ১০টি | |
| (১১) | স্টোর কিপার | ১০টি | |
| (১২) | কেয়ারটেকার | ১০টি | |
| (১৩) | ড্রেসার | ১০টি | |
| (১৪) | ক্যাশিয়ার | ১০টি | |
| (১৫) | হোস্টেল সুপার | ১০টি | |
| (১৬) | ড্রাইভার | ১০টি | |
| (১৭) | স্কীল্ড ওয়ার্কার | ৩০টি | |
| (১৮) | ওয়ার্কশপ এ্যাটেনডেন্ট | ২০টি | |
| (১৯) | ইলেকট্রিশিয়ান | ১০টি | আউট-সোর্সিং |
| (২০) | বাবুর্চি | ১০টি | |
| (২১) | অফিস সহায়ক | ২০টি | |
| (২২) | নিরাপত্তা প্রহরী | ২০টি | |
| (২৩) | মালী | ১০টি | |
| (২৪) | পরিচ্ছন্নতা কর্মী | ২০টি | |
| | মোট ঃ | ৪৩০টি | |

২। উক্ত ৪৩০ (চারশত ত্রিশ) টি পদের ব্যয়ভার জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর রাজস্ব বাজেট হতে মেটানো হবে।

৩। উল্লেখিত পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের শর্ত এবং প্রচলিত বিধি-বিধান অনুযায়ী নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়েছেঃ

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি (স্মারক নং ০৫.১৫৩.০১৫.০৪.০১.০০৩.২০১২-০৩, তারিখ ০৮ জানুয়ারি ২০১৪), অর্থ বিভাগের সম্মতি (স্মারক নং ০৭.১৫৭.০১৫.০১.০০.০৯.২০১৩-১১৭, তারিখ ৩০-০৬-২০১৪ এবং অর্থ বিভাগের স্কেল ভেটিং (স্মারক নং ০৭.০০.০০০০.১৬৫. ৪৯.০০৯.১৩-১৪৭, তারিখ ০১-১০-২০১৪) গ্রহণ করা হয়েছে;

(খ) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন (স্মারক নং ০৪.০০.০০০০.২১১. ০৬.০১৪.১৪-৬০৮, তারিখ ২৮ ডিসেম্বর ২০১৪) গ্রহণ করা হয়েছে।

৪। এই আদেশ এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে জারী করা হলো।

**রাহনুমা সালাম খান**
সিনিয়র সহকারী প্রধান।

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৪

**নং ২৪.০২.০০০০.২০৬.১৪.০০৮.১২-০২**—বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতায় বস্ত্র পরিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "গৌরনদী টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী নিম্নোক্তভাবে স্টিয়ারিং কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(ক) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(খ) অতিরিক্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

(গ) পরিচালক, বস্ত্র পরিদপ্তর

(ঘ) প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(ঙ) প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।

(চ) প্রতিনিধি, আইএমইডি

(ছ) প্রতিনিধি, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

(জ) প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।

(ঝ) প্রতিনিধি, গণপূর্ত অধিধপ্তর

(ঞ) প্রতিনিধি, স্থাপত্য অধিদপ্তর

(ট) প্রকল্প পরিচালক, "গৌরনদী টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন" প্রকল্প।

**সদস্য-সচিব**

(ঠ) উপ-প্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধিঃ**

- To review and guide the overall progress of the project.
- To take decision after discussion in the meeting about the development and problems of the project works.
- To approve formation of any other committee necessary for smooth functioning and implementation of the project and to include members if necessary in any committee.

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফয়সাল আবেদীন খান**
সিনিয়র সহকারী প্রধান।

---

**বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ পৌষ ১৪২১/১২ জানুয়ারি ২০১৫

**নং ২৪.০০.০০০০.২০২.১৮.১৬৮.১২ (২য় খণ্ড)-১৫**—সরকার বিগত ২০০০ সালে বিটিএমসির পরিচালনাধীন ৮টি মিলের মালিকানা স্ব স্ব মিলের শ্রমিক-কর্মচারীদের সমন্বয়ে গঠিত কোম্পানীর নিকট হস্তান্তর করে। উক্ত মিলগুলো শ্রমিক-কর্মচারীদের ব্যবস্থাপনায় হস্তান্তরের জন্য একটি হস্তান্তর নীতিমালা তৈরি করে তা গেজেটে প্রকাশ করা হয় ও Standard fomat এ প্রতি মিলের জন্য একটি করে চুক্তি সম্পাদন করা হয়। নীতিমালা অনুযায়ী মিলের সম্পদ ও শেয়ার উক্ত মিলের শেয়ার হোল্ডার শ্রমিক ছাড়া তৃতীয় পক্ষের নিকট বিক্রয় বা হস্তান্তরের সুযোগ নেই। নীতিমালার শর্ত ভঙ্গ করে ক্যারিলিন সিল্ক মিলস্ লিঃ, ফৌজদারহাট, চট্টগ্রাম এর চেয়ারম্যান কর্তৃক মিলটি তৃতীয় পক্ষের নিকট বিক্রয়ের অভিযোগ পাওয়া যায়। উক্ত মিলের চেয়ারম্যান জনাব মোঃ ইসহাক কর্তৃক বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে পেশকৃত অভিযোগ জানানো হয় যে, মিলটির পরিচালক মোঃ শওকত আলী, মোঃ হাশেম আলী, এস,এম, মোরশেদ আলীর যোগসাজসে ও প্রতারণার মাধ্যমে অবৈধ ও বে-আইনীভাবে জাল স্বাক্ষরের মাধ্যমে কোম্পানীর চেক জালিয়াতিক্রমে কোম্পানী ১৬,৮৪,০০,০০০ ষোল কোটি চুরাশি লক্ষ) টাকা আত্মসাৎ করে। এ অভিযোগ তদন্তের জন্য ইতোপূর্বে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। তদন্ত কমিটির সদস্য-সচিব বদলী হওয়ায় কমিটির আহ্বায়কের ৩০-১২-২০১৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে কমিটির অন্যান্য সদস্য ও কার্যপরিধি অপরিবর্তিত রেখে সদস্য-সচিব অন্তর্ভূক্ত করে কমিটি পূর্ণঃগঠন করা হলোঃ

| | | |
|---|---|---|
| (১) | পরিচালক (পরিচালন, যুগ্ম-সচিব), বিটিএমসি | আহ্বায়ক |
| (২) | বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি, (যুগ্ম-পরিচালক, বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট)। | সদস্য |
| (৩) | জেলা প্রশাসক, চট্টগ্রাম এর প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক) | সদস্য |
| (৪) | উপ-সচিব (বেবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়। | সদস্য-সচিব |

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

(ক) কিভাবে/কোন আইনে মিলের শেয়ার ও মিলের স্থাবর সম্পত্তি মিলের চেয়ারম্যান তৃতীয় পক্ষের নিকট বিক্রয় করল;

(খ) অভিযুক্ত পরিচালক মোঃ শওকত আলী, মোঃ হাশেম আলী, এস.এম. মোরশেদ আলী কিভাবে কোম্পানীর পরিচালক হিসেবে নির্বাচিত হলেন। তারা মিল হস্তান্তরকালীন সময়ে মিলের স্থায়ী শ্রমিক-কর্মচারী ছিলেন কিনা ?

(গ) কোম্পানীর ব্যাংক হিসাব পরিচালনার দায়িত্বে কারা ছিলেন ;

(ঘ) অভিযুক্ত ব্যক্তিগণ কিভাবে উক্ত হিসাব হতে টাকা উত্তোলন করলেন। টাকা উত্তোলনের সাথে অভিযুক্ত ব্যক্তি ছাড়াও ব্যাংক কর্মকর্তা বা অন্য কেহ জড়িত ছিলেন কিনা?

(ঙ) কোম্পানীর হিসাব হতে উত্তোলিত টাকা কি কাজে ব্যয় করা হয়েছে;

(চ) কোম্পানীর টাকা কোম্পানীর হিসাবে ফিরিয়ে আনার বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সুপারিশ প্রদান।

২। কমিটি আগামী ৩০-০১-২০১৫ তারিখের মধ্যে তাদের সুপারিশসহ প্রতিবেদন সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বরাবরে দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফয়সাল আবেদীন খান**
সিনিয়র সহকারী প্রধান।

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ কার্তিক ১৪২১/২৩ অক্টোবর ২০১৪

**নং ২৪.০০.০০০০.২০২.১৮.১৬৮.১২(২য় খণ্ড)-২৭৮**—সরকার বিগত ২০০০ সালে বিটিএমসির পরিচালনাধীন ০৮টি মিলের মালিকানা স্ব স্ব মিলের শ্রমিক-কর্মচারীদের সমন্বয়ে গঠিত কোম্পানীর নিকট হস্তান্তর করে। উক্ত মিলগুলো শ্রমিক-কর্মচারীদের ব্যবস্থাপনায় হস্তান্তরের জন্য একটি হস্তান্তর নীতিমালা তৈরি করে তা গেজেটে প্রকাশ করা হয় ও Standard fomat এ প্রতি মিলের জন্য একটি করে চুক্তি সম্পাদন করা হয়। নীতিমালা অনুযায়ী মিলের সম্পদ ও শেয়ার উক্ত মিলের শেয়ার হোল্ডার শ্রমিক ছাড়া তৃতীয় পক্ষের নিকট বিক্রয় বা হস্তান্তরের সুযোগ নেই। নীতিমালার শর্ত ভঙ্গ করে ক্যারিলিন সিল্ক মিলস্ লিঃ, ফৌজদারহাট, চট্টগ্রাম এর চেয়ারম্যান কর্তৃক মিলটি তৃতীয় পক্ষের নিকট বিক্রয়ের অভিযোগ পাওয়া যায়। উক্ত মিলের চেয়ারম্যান জনাব মোঃ ইসহাক কর্তৃক বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে পেশকৃত অভিযোগ জানানো হয় যে, মিলটির পরিচালক মোঃ শওকত আলী, মোঃ হাশেম আলী, এস,এম, মোরশেদ আলীর যোগসাজসে ও প্রতারণার মাধ্যমে অবৈধ ও বে-আইনীভাবে জাল স্বাক্ষরের মাধ্যমে কোম্পানীর চেক জালিয়াতিক্রমে কোম্পানী ১৬,৮৪,০০,০০০ ষোল কোটি চুরাশি লক্ষ) টাকা আত্মসাৎ করে। এ অভিযোগ তদন্তের জন্য নিম্নলিখিত কর্মকর্তার সমন্বয় একটি তদন্ত কমিটি গঠন করা হলোঃ

**আহ্বায়ক**

(১) পরিচালক (পরিচালন, যুগ্ম-সচিব), বিটিএমসি

**সদস্যবৃন্দ**

(২) বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি, (উপ সচিব পর্যায়ের)

(৩) জেলা প্রশাসক, চট্টগ্রাম এর প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক)।

**সদস্য-সচিব**

(৪) সহকারী সচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

(ক) কিভাবে/কোন আইনে মিলের শেয়ার ও মিলের স্থাবর সম্পত্তি মিলের চেয়ারম্যান তৃতীয় পক্ষের নিকট বিক্রয় করলঃ

(খ) অভিযুক্ত পরিচালক মোঃ শওকত আলী, মোঃ হাশেম আলী, এস.এম. মোরশেদ আলী কিভাবে কোম্পানীর পরিচালক হিসেবে নির্বাচিত হলেন। তারা মিল হস্তান্তরকালীন সময়ে মিলের স্থায়ী শ্রমিক-কর্মচারী ছিলেন কিনা ?

(গ) কোম্পানীর ব্যাংক হিসাব পরিচালনার দায়িত্বে কারা ছিলেন ;

(ঘ) অভিযুক্ত ব্যক্তিগণ কিভাবে উক্ত হিসাব হতে টাকা উত্তোলন করলেন। টাকা উত্তোলনের সাথে অভিযুক্ত ব্যক্তি ছাড়াও ব্যাংক কর্মকর্তা বা অন্য কেহ জড়িত ছিলেন কিনা?

(ঙ) কোম্পানীর হিসাব হতে উত্তোলিত টাকা কি কাজে ব্যয় করা হয়েছে;

(চ) কোম্পানীর টাকা কোম্পানীর হিসাবে ফিরিয়ে আনার বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সুপারিশ প্রদান।

২। কমিটি আগামী ১ (এক) মাসের মধ্যে তাদের সুপারিশসহ প্রতিবেদন সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বরাবরে দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলাউদ্দিন পাটওয়ারী**
সহকারী সচিব।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৯ পৌষ ১৪২১/১২ জানুয়ারি ২০১৫

**নং ৩৯.০১২.০০২.০২.০১.০১৭.২০১৪-১৫**—২০১৪-২০১৫ অর্থ বছরের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের "গবেষণা মঞ্জুরী" খাতের প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক ((R & D) প্রকল্পে অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই/নির্বাচন এবং সুপারিশ প্রদানের লক্ষ্যে জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা বিষয়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) অধ্যাপক ড. নিলুফার নাহার, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

